# মা’র জন্য গাছ



*রফিক হক*

**আনিসুর রহমানঃ** গত ৮ই মে ২০১১ মা দিবস উপলক্ষে হিলস শায়ার কাউন্সিল মা’র জন্য গাছ (Trees for Mum) নামে একটি বৃক্ষ রোপন কর্মসূচীর আয়োজন করেছিল। ডঃ আব্দুল হকের উদ্যোগে বেশ কয়েক জন বাংলাদেশী এই কর্মসূচীতে অংশ নেয়। জাতীয় বৃক্ষ রোপন কর্মসূচীর অন্তর্ভুক্ত Trees for Mum প্রোগ্রামটির উদ্যোক্ত জনাব রফিক হক। তিনি হিলস শায়ার কাউন্সিলের বনভূমি সংক্ষণ বিভাগের একজন কর্মকর্তা। কেলিভিলে সেদিন গাছ লাগানোর জন্য নির্ধারিত স্থানে গিয়ে তার সাথে আলাপ হলো। ভদ্রলোক অত্যন্ত অমায়িক। অষ্ট্রেলিয়ার গাছ পালা সম্পর্কে খুব ভালো জ্ঞান রাখেন। কোন গাছের কি নাম, কোনটা কত বড় হবে এসব আমাদের বুঝিয়ে দিয়ে নিজ নিজ পছন্দ অনুযায়ী চারা বেছে নিতে আমাদের সাহায্য করলেন তিনি। তারপর নিয়ে গেলেন গাছ লাগানোর জায়গায়।



বাংলাদেশীরা ছাড়াও অন্যান্য কমিউনিটি থেকেও বেশ কিছু লোকজন এসেছিল মা’র জন্য গাছ লাগাতে। শক্ত এটেল মাটি। খুড়তে কষ্ট হচ্ছিলো। এ মাটিতে গাছ হবে? আমার প্রশ্ন শুনে রফিক সাহেব মৃদু হেসে বললেন এগুলো শুধু নেটিভ নয় এগুলো লোকাল। এই কেলিভিল এলাকা থেকেই এসব গাছের বীজ সংগ্রহ করা হয়েছে। তাই নিশ্চিন্তে লাগান। আমরা নিজ নিজ মাকে স্মরণ করে গাছ লাগালাম। ডঃ হক মা’র নাম লেখা একটা কাগজ স্বচ্ছ পলিথিনের ভেতরে ঢুকিয়ে সবার হাতে হাতে ধরিয়ে দিলেন। আমরা তার দিয়ে সেটা বেধে দিলাম সদ্য লাগানো চারার গায়। মনে মনে ধরিত্রি মাতাকে বললাম মাগো এই গাছটিকে বাচিয়ে রেখ। এটা আমার মায়ের স্মৃতি।

